

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১ ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড,

ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০



১৪.০৩.২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:


সভাপতি	মোঃ রাকিব উদ্দিন প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন)
সভার তারিখ	১৪ মার্চ ২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	DMTCL Innovation Team Messenger Group
উপস্থিতি	১. জনাব মোঃ সারওয়ার উদ্দিন খান, প্রকল্প ব্যবস্থাপক-২, ডিএমআরটিডিপি (লাইন-৬), ২. জনাব খালিদ সাইফুল্লাহ সরদার, উপ-প্রকল্প ব্যবস্থাপক(সিপি-০৫), এমআরটি (লাইন-৬), ৩. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি (লাইন-৬), ৪. জনাব মোঃ উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬), ৫. জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

DMTCL Innovation Team Messenger Group-এর মাধ্যমে অনুষ্ঠিত সভায় সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে সভায় উপস্থিত সদস্যগণের পক্ষ হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	
২.	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা	সভায় জানানো হয় যে, ২০২০-২০২১ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত কর্মপরিকল্পনার ১২ টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ডিএমটিসিএল সংশ্লিষ্ট অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার উপর গুরুত্ব আরোপ করা হয়।	কর্মপরিকল্পনা অনুযায়ী এ বছরের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	ইনোভেশন টিম, ডিএমটিসিএল
৩.	উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে টিমের সভা	২০২০-২১ সালের জন্য বাছাইকৃত উদ্ভাবনী ধারণা 'ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ' পাইলটিং কাজের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আইডিয়াটির প্রস্তাবক জনাব আরিফুর রহমান সভায় জানান যে, ৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে প্রথম ডাটা আপলোডের মাধ্যমে আইডিয়াটির পাইলটিং সম্পন্ন করা হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য ডাটা আপলোড করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া তিনি আরও জানান যে, ডিএমটিসিএল-এর ওয়েবসাইটে একটি সেবা বক্সের আওতায় ডাটাগুলো সুবিন্যস্তভাবে আপলোড করা হবে। এ বিষয়ে তিনি ইনোভেশন টিমের সকল সদস্যের সহযোগিতা কামনা করেন।	উদ্ভাবনী ধারণা 'ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ' বাস্তবায়ন বিষয়ে আইডিয়াটির প্রস্তাবককে সার্বিক সহযোগিতা করতে হবে।	ইনোভেশন টিম, ডিএমটিসিএল

<p>উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ৪. একদিনের কর্মশালা/ সেমিনার আয়োজন</p>	<p>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ফেব্রুয়ারি ২০২১ মাসে একদিনের কর্মশালা/সেমিনার আয়োজন করার বিষয়ে ইতঃপূর্বের সভায় সিদ্ধান্ত হয়েছিল। ফোকাল পার্সন জানান যে, অনিবার্য কারণে ফেব্রুয়ারি মাসে তা আয়োজন করা যায়নি। আগামী ১৫ মার্চ ২০২১ তারিখে উক্ত একদিনের কর্মশালা আয়োজনের প্রস্তাব গ্রহণ করা হয়েছে।</p>	<p>কর্মশালা/সেমিনার আয়োজনে সহযোগীতা করতে হবে।</p>	<p>ইনোভেশন সার্বিক প্রদান অফিসার ও ইনোভেশন টীম ডিএমটি সিএল</p>
<p>৫. বিবিধ</p>	<p>ইনোভেশন ফোকাল পার্সন জানান যে, ইনোভেশন টিমের একজন সদস্য জনাব জুয়েল সিকদার সম্প্রতি চাকরী পরিত্যাগ করেছেন। তাঁর জায়গায় একজন সদস্য মনোনয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে জনাব সাজিদ হোসেন অথবা জনাব রায়হান খলিলকে অথবা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে ইনোভেশন টিমের একজন সদস্য মনোনয়নের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।</p>	<p>ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আলোচনাক্রমে একজন মনোনয়ন হবে।</p>	<p>ইনোভেশন সাথে অফিসার ও সদস্য করতে ইনোভেশন টীম ডিএমটি সিএল</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ রাকিব উদ্দিন

প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন)


স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯.৮

তারিখ: ৪ চৈত্র ১৪২৭

১৮ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ২) প্রকল্প ব্যবস্থাপক-২ (সিপি-০৩ এবং সিপি-০৪), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড
- ৩) উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিভিল) (সিপি-০৫), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড
- ৪) মো: শহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৫) মো: উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৬) মো: আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল) (সিপি-০৩ ও ০৪), ডিএমআরটিডিপি (লাইন-৬)



মোঃ রাকিব উদ্দিন

প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন)